দৈনিক ইত্তেফাক

তারিখ 15 AUG 1992
পৃষ্ঠা ... কলাম

25

# রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষায় পাসের হার ৬১·৩১

ইত্তেফাক রিপোর্ট॥ রাজশাহী বোর্ডের ১৯৯২ সালের এস,এস,সি পরীক্ষার ফল গতকাল (শুক্রবার) প্রকাশিত হইয়াছে। ১ লক্ষ ২০ হাজার ৯৫৮ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষার্থীদের ৭৪ হাজার ১৭১ জন পাস করে। পাসের শতকরা হার ৬১ দশমিক ৩১। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ৩১ হাজার ৮৬৯ জন ১ম বিভাগে, ৩৩ হাজার ২৬৫ জন ২য় বিভাগে এবং ৯ হাজার ৩৭ জন ৩য় বিভাগে পাস করে। সাধারণ বিজ্ঞান শাখায় ৯০১ নম্বর পাইয়া যুগ্মভাবে ১ম স্থান অধিকার করিয়াছে মোঃ শফিকুল ইসলাম ও মুহম্মদ ফিরোজ কবীর। তাহারা উভয়েই রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র। সমাজ বিজ্ঞান শাখায় ৮৩৯ নম্বর পাইয়া প্রথম স্থান অর্জন করিয়াছে শাহ মোঃ মারুফ হাসান চৌধুরী। সেও রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র। সাধারণ বিজ্ঞান শাখায় ২৫ হাজার ২৩৯ জন পুরুষ ও ১৩ হাজার ১৭৭ জন মহিলা পরীক্ষার্থী অংশ নেয়। পুরুষ পরীক্ষার্থীদের ১৫ হাজার ২১ জন ১ম বিভাগে, ৭ হাজার ২০১ জন ২য় বিভাগে, এবং ১ হাজার ২৬৭ জন ৩য় বিভাগে পাস করে। এই বিভাগে পুরুষ পরীক্ষার্থীদের পাসের শতকরা হার ৯৩ দশমিক ০৬। মহিলাদের মধ্যে ৪ হাজার ৪৬ জন ১ম বিভাগে, ১ হাজার ৬৩৪ জন ২য় বিভাগে এবং ৩৪৩ জন ৩য় বিভাগে পাস করে। (২য় পৃঃ দ্রঃ)

## রাজশাহী বোর্ড

(১ম পৃঃ পর)

এই বিভাগে মহিলাদের পাসের শতকরা হার ৪৫ দশমিক ৭০।

সমাজ বিজ্ঞান বিভাগে ৫৪ হাজার ৪৩৬ জন পুরুষ ও ২৮ হাজার ৯৬ জন মহিলা পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। পুরুষ পরীক্ষার্থীদের মধ্যে ৮ হাজার ২৯৯ জন ১ম বিভাগে, ১৫ হাজার ৭২৯ জন ২য় বিভাগে এবং ৪ হাজার ৭১৭ জন ৩য় বিভাগে পাস করে। এই বিভাগে পুরুষদের পাসের শতকরা হার ৫৬ দশমিক ৬৪। মহিলা পরীক্ষার্থীদের মধ্যে ৪ হাজার ৫০৩ জন ১ম বিভাগে, ৮ হাজার ৭০১ জন ২য় বিভাগে এবং ২ হাজার ৭৯০ জন ৩য় বিভাগে পাস করে। মহিলাদের পাসের শতকরা হার ৫৪ দশমিক ১০।

এবার রাজশাহী বোর্ডের এস এস সি পরীক্ষায় সবচেয়ে ভাল ফলাফল করিয়াছে রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্ররা। সাধারণ বিজ্ঞান এবং সমাজ বিজ্ঞান উভয় বিভাগেই প্রথম স্থান অর্জনকারীরা এই কলেজের ছাত্র। সাধারণ বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় রাজশাহী ক্যাডেট কলেজের ১৮ জন ছাত্র স্থান লাভ করিয়াছে।